TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
Social movement against corruption

20 YEARS
Together against Corruption

সংবাদ বিজ্ঞপ্তি

# টিআইবি'র আয়োজনে নারী উপজেলা নির্বাহী অফিসারদের অংশগ্রহণে এসডিজি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

**ঢাকা, ৬ মার্চ ২০১৭:** আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উপলক্ষে আজ সকালে টিআইবি'র উদ্যোগে নারী উপজেলা নির্বাহী অফিসারবৃন্দের (ইউএনও) অংশগ্রহণে অনুষ্ঠিত এক কর্মশালায় টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান নারী কর্মকর্তাদের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার জেন্ডার বিষয়ক লক্ষ্য ৫ ও সুশাসন বিষয়ক লক্ষ্য ১৬ বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান। টিআইবি'র ধানমন্ডিস্থ কার্যালয়ের মেঘমালা সম্মেলন কক্ষে অনুষ্ঠিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, সুশাসন ও নারী' শীর্ষক এ কর্মশালায় দেশের সকল প্রশাসনিক বিভাগের আটটি উপজেলার আট জন নারী উপজেলা নির্বাহী অফিসার অংশগ্রহণ করেন। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে টিআইবি উক্ত কর্মশালার আয়োজন করে।

কর্মশালায় 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, সুশাসন ও নারী' বিষয়ে উপস্থাপনা করেন টিআইবি'র আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগের পরিচালক রিজওয়ান-উল-আলম। টেকসই উন্নয়ন নিশ্চিতে অন্তর্ভুক্তিমূলক কৌশলের ওপর অধিবেশন পরিচালনা করেন মানবাধিকারকর্মী অ্যাডভোকেট ইউ. এম. হাবিবুন নেসা। এসডিজি বিষয়ক উপস্থাপনার ওপর অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার পর 'নারী অধিকার ও ক্ষমতায়ন প্রক্রিয়ায় সুশাসন: উপজেলা পর্যায়ে করণীয়' বিষয়ের ওপর অংশগ্রহণকারী নারী কর্মকর্তাবৃন্দ দলগত কাজে অংশগ্রহণ করেন। দলগত কাজের ওপর সারমর্ম উপস্থাপন করেন টিআইবি'র উপ-নির্বাহী পরিচালক অধ্যাপক ড. সুমাইয়া খায়ের। সমাপনী পর্বে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

এবারের আন্তর্জাতিক নারী দিবসে টিআইবি'র প্রতিপাদ্য 'টেকসই উন্নয়ন ও সুশাসন: চাই ক্ষমতায়িত নারী, জাগ্রত বিবেক'। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে টিআইবি ঢাকায় নারী উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে কর্মশালা আয়োজনের পাশাপাশি টিআইবি'র অনুপ্রেরণায় দেশের ৪৫টি অঞ্চলে গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক) বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম যেমন- স্থানীয় পর্যায়ে র‍্যালি, পথনাটক, সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা এবং জাতীয় পর্যায়ে তরুণদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তরুণদের নিয়ে দক্ষতা উন্নয়নমূলক অনুষ্ঠানের আয়োজন করেছে।

**গণমাধ্যম যোগাযোগ:**

**রিজওয়ান-উল-আলম**

পরিচালক (আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন)
ফোন: ০১৭১৩ ০৬৫০১২
ই-মেইল: rezwan@ti-bangladesh.org